গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫৭.২০১৬-৩০৪৮ তারিখ: ০৪/০৮/২০১৯ খ্রি:

**বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ অনুযায়ী বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদে নিয়োগ প্রদান।**

সূত্র: শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.(অংশ-১).১৪৬, তারিখ: ৩০/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১২/০৬/২০১৮ খ্রি. তারিখে জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর ২৪(ঘ) ধারায় উল্লেখ রয়েছে যে '' এ নীতিমালার আওতায় বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগের বিষয়ে সরকার পৃথক আদেশ জারি করবে। '' এ প্রেক্ষিতে এম.পি.ও.ভুক্ত বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজ-এ প্যাটার্নভুক্ত বৃদ্ধিপ্রাপ্ত পদগুলোতে নিয়োগের বিষয়ে মন্ত্রণালয় সূত্রোক্ত পত্র জারি করে।

বৃদ্ধিপ্রাপ্ত পদগুলোতে (জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা মোতাবেক) নিয়োগের বিষয়ে নির্দেশনা:

| ক্র. নং | পদের নাম | যে পর্যায়ে নিয়োগ করতে হবে | বেতন কোড/ গ্রেড | যে অর্থ বছর হতে নিয়োগ প্রদান করতে হবে | নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | নিম্ন মাধ্যমিক | ১০ | ২০১৮-১৯ | - |
| ০২. | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) | নিম্ন মাধ্যমিক এবং মাধ্যমিক | ১০ | ২০১৯-২০ | বি.এড ধারীদের ১০ কোড ও বি.এড বিহীনদের ১১ কোড প্রযোজ্য |
| ০৩. | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) | মাধ্যমিক | ১০ | | বি.এড ধারীদের ১০ কোড ও বি.এড বিহীনদের ১১ কোড প্রযোজ্য |
| ০৪. | সহকারী শিক্ষক (ইংরেজী) | নিম্ন মাধ্যমিক | ১০ | ২০২০-২১ | বি.এড ধারীদের ১০ কোড ও বি.এড বিহীনদের ১১ কোড প্রযোজ্য |
| ০৫. | কম্পিউটার ল্যাব সহকারী | নিম্ন মাধ্যমিক এবং মাধ্যমিক | ১৬ | | সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু থাকলে নিয়োগ কার্যক্রম গ্রহণ করা যাবে। |
| ০৬. | সহকারী শিক্ষক (বাংলা) | নিম্ন মাধ্যমিক | ১০ | ২০২১-২২ | বি.এড ধারীদের ১০ কোড ও বি.এড বিহীনদের ১১ কোড প্রযোজ্য |
| ০৭. | নৈশ প্রহরী | নিম্ন মাধ্যমিক এবং মাধ্যমিক | ২০ | | - |
| ০৮. | পরিচ্ছন্নতা কর্মী | নিম্ন মাধ্যমিক | ২০ | | - |
| ০৯. | সহকারী শিক্ষক (চারু ও কারুকলা) | নিম্ন মাধ্যমিক এবং মাধ্যমিক | ১০ | ২০২২-২৩ | বি.এড ধারীদের ১০ কোড ও বি.এড বিহীনদের ১১ কোড প্রযোজ্য |

এমতাবস্থায়, বেসরকারি এম.পি.ও.ভুক্ত স্কুল/স্কুল এন্ড কলেজ-এ উল্লিখিত সহকারী শিক্ষক, কম্পিউটার ল্যাব সহকারী, নৈশ প্রহরী এবং পরিচ্ছন্নতা কর্মী পদে নিয়োগ ও এমপিওভুক্তির বিষয়ে বর্ণিত শর্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১) নির্ধারিত আর্থিক বছরের পূর্বে কোন পদের নিয়োগ কার্যক্রম গ্রহণ করা যাবে না।
২) স্কুল/স্কুল এন্ড কলেজ-এ সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু আছে কিনা তা সংশ্লিষ্ট বিষয় বিশেষজ্ঞ কর্তৃক প্রত্যয়ন পত্রের দ্বারা নিশ্চিত হয়ে ডিজির প্রতিনিধি নিয়োগ পরীক্ষা গ্রহণ করবেন।
৩) বর্ণিত নতুন বৃদ্ধিপ্রাপ্ত পদে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৪) এ আদেশ শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত পত্র জারির তারিখ হতে কার্যকর হবে।

(মো: এনামুল হক হাওলাদার)
উপপরিচালক (কলেজ-২)
ও
উপপরিচালক (মাধ্যমিক)
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন নং-৯৫৬০২৬৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি এম.পি.ও.ভুক্ত স্কুল/স্কুল এন্ড কলেজ (সকল)।

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), রমনা, ঢাকা
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)
০৪. সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
০৬. জেলা শিক্ষা অফিসার, (সকল) (বর্ণিত নির্দেশনা ও শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ করে নিয়োগ কার্যক্রম নিশ্চিতকরণের অনুরোধসহ)
০৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল) (বর্ণিত নির্দেশনা ও শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ করে নিয়োগ কার্যক্রম নিশ্চিতকরণের অনুরোধসহ)
০৮. সভাপতি, ম্যানেজিং কমিটি, (সকল স্কুল/স্কুল এন্ড কলেজ)
০৯. জনাব ..............................................
১০. পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
১১. সংরক্ষণ নথি